যুগান্তর

তারিখ 08 JUN 2016
পৃষ্ঠা ... কলাম ...

### শেকৃবিতে মানববন্ধন

# সার্ক শিক্ষা সফর পুনর্বহাল দাবি

**শেকৃবি প্রতিনিধি**

স্নাতক পরবর্তী সার্ক শিক্ষা সফর পুনর্বহালের দাবিতে মানববন্ধন করেছে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। মঙ্গলবার সকালে শতাধিক শিক্ষার্থীর উপস্থিতিতে দ্বিতীয় দিনের মতো এ মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে। মানববন্ধন শেষে বিশ্ববিদ্যালয় ভিসিকে স্মারকলিপি দিয়েছেন শিক্ষার্থীরা।

বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর থেকেই স্নাতক পাস করা শিক্ষার্থীদের দক্ষিণ এশিয়ার কৃষিজ সম্পদ সম্পর্কে ধারণা দিতে ও হাতেকলমে আরও বেশি শিক্ষাদানের লক্ষ্যে ভারত ও নেপালে শিক্ষা সফর আয়োজন করে আসছিলেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এ সফরের অর্ধেক ব্যয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও বাকি অর্ধেক শিক্ষার্থীরা বহন করতেন। কিন্তু এ বছর কোনো পূর্ব ঘোষণা ছাড়াই শিক্ষা সফর বন্ধ করে দেন কর্তৃপক্ষ।

বিশ্ববিদ্যালয়ের একজন প্রশাসনিক কর্মকর্তা নাম না প্রকাশ করার শর্তে বলেন, শিক্ষাসফরের জন্য বরাদ্দকৃত বাজেট কর্তৃপক্ষ অন্য কোনো খাতে ব্যয় করেছেন। ফলে শিক্ষা সফর আয়োজন সম্ভব হচ্ছে না। বিশ্ববিদ্যালয়ের ছাত্রবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মো. সেকান্দার আলী বলেন, গত বছর থেকেই বিশ্ববিদ্যালয়ে পর্যাপ্ত ফান্ডের ঘাটতি রয়েছে। তাই এ বছর শিক্ষা সফরটি আয়োজন করা সম্ভব হচ্ছে না।